# নিয়োগ বিজ্ঞপ্তি

২৬/১১/২০২৪ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরো'র সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত **শেরপুর ও জামালপুর জেলার জামালপুর সদর উপজেলার নরুন্দী ইউনিয়নে এবং নালিতাবাড়ী উপজেলার নালিতাবাড়ী ইউনিয়নে "সমৃদ্ধি কর্মসূচির"** আওতায় নিয়োগ ও প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী, কর্মঠ, বুদ্ধিদীপ্ত ও অধূমপায়ী বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও পদ সংখ্যা | বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. সমৃদ্ধি স্বাস্থ্য কর্মকর্তা/ **(ENRICH Health Officer)** গ্রেড- **(VIII)**, পদ সংখ্যা- ২টি। (নালিতাবাড়ী ইউনিয়নে ১ জন এবং নরুন্দী ইউনিয়নে ১ জন) | মাসিক সাকূল্যে বেতন ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা। এছাড়া মাসিক বেতনের ৫০% হারে বার্ষিক ০২ (দুই)টি উৎসব ভাতা ও ১০% নববর্ষ ভাতা এবং বাজেট বরাদ্দ অনুযায়ী মাসিক মোবাইল ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। | 'ম্যাটস' থেকে ৩/4 বছর মেয়াদী ডিপ্লোমাধারী। 'বিএমডিসি'-এর নিবন্ধন সনদ এবং বেসরকারী উন্নয়ন সংস্থায় স্বাস্থ্যসেবা কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। কম্পিউটারে MS word, excel & Internet Browsing) এ কাজ জানতে হবে। |
| ২. সমৃদ্ধি স্বাস্থ্য পরিদর্শক/ **(ENRICH Health Visitor)** পদ সংখ্যা- ১৮টি (বিবাহিত মহিলা)। **বয়স- ২২-৩৫ বৎসর** (নালিতাবাড়ী ইউনিয়নে ৯ জন এবং নরুন্দী ইউনিয়নে ৯ জন) (প্রতি ওয়ার্ডে ১ জন) | মাসিক সম্মানী ভাতা ২,০০০/- (দুই হাজার) টাকা। পাশাপাশি মাসিক সম্মানীর ৫০% হারে বার্ষিক ০২ (দুই)টি উৎসব ভাতা, ১০% নববর্ষ ভাতা এবং মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণের জন্য ১০০/- (একশত) টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, লক্ষ্যমাত্রা অনুযায়ী **'স্বাস্থ্য কার্ড'** বিক্রয় হতে মাসিক সর্বোচ্চ ১,৬০০/- (এক হাজার ছয়শত) টাকা অতিরিক্ত প্রাপ্য হবেন। | ন্যূনতম এসএসসি পাস, বিবাহিত নারী প্রার্থী এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন এবং প্রশিক্ষণপ্রাপ্ত ধাত্রীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৩. শিক্ষক (সমৃদ্ধি শিক্ষা সহায়তা কেন্দ্র) পদ সংখ্যা ঃ ৩৬টি (বিবাহিত মহিলা)। **বয়স- ২০-৩৫ বৎসর** (নালিতাবাড়ী ইউনিয়নে ১৮ জন এবং নরুন্দী ইউনিয়নে ১৮ জন) (প্রতি ওয়ার্ডে ২ জন) | মাসিক সম্মানী ভাতা ১,০০০/- (এক হাজার) টাকা। পাশাপাশি মাসিক সম্মানীর ৫০% হারে বার্ষিক ০২ (দুই)টি উৎসব ভাতা, ১০% নববর্ষ ভাতা এবং মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণের জন্য আপ্যায়ন বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া, **'ছাত্র ভর্তি'** হতে প্রতি ছাত্র-৫০/- টাকা হিসাবে ৩০ জন ছাত্রের আদায়কৃত মাসিক বেতন হতে সর্বোচ্চ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অতিরিক্ত প্রাপ্য হবেন। | শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে এইচএসসি পাস ও কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিবাহিত নারী এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। কিন্তু দুর্গম/প্রত্যন্ত এলাকায় উপযুক্ত শিক্ষক পাওয়া না গেলে উক্ত এলাকায় আগ্রহী অভিজ্ঞ ব্যক্তিদেরকে পিকেএসএফ-হতে পূর্বানুমোদন সাপেক্ষে শিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা যেতে পারে। সমাজসেবায় ও সামাজিক উন্নয়নমূলক কাজে বিশেষ করে শিক্ষা নিয়ে কাজ করতে অগ্রহী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

**শর্তাবলী ঃ**

১। আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ড, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নাম্বার এবং আগামী **২৪/১২/২০২৪ ইং** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে **প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর** নিম্ন ঠিকানায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। **পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকার রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) শিরোনামে হিঃনং-৬২০১১০০০২০৬৯৬, সোনালী ব্যাংক, শেরপুর শাখার বরাবর জমা দিয়ে জমার স্লিপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।**

২। যোগদানের সময় সংস্থার অনুকূলে ১ (এক) মাসের সমপরিমাণ বেতন জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদসহ প্রদান করা হবে।

৩। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং স্মারক ও তারিখ সহ অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।

৪। ১নং প্রার্থীদের মোটর সাইকেল চালানো জানতে হবে এবং তাদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

৫। সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৬। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে।
দরখাস্ত পাঠানোর ঠিকানা- **প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গৃদ্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।**
দরখাস্ত পাঠানোর শাখার ঠিকানা- **প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), সমৃদ্ধি শাখা, আমবাগান, তারাগঞ্জ বাজার, নালিতাবাড়ী, শেরপুর-২১০০। / প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ভারুয়াখালী শাখা, জোকা ভারুয়াখালী, জামালপুর সদর, জামালপুর-২২০০।**